

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৮৯

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৩) হাদীছ শোনা, পৌঁছিয়ে দেয়া ও তা লিখার প্রতি উদ্বুদ্ধকরণ এবং রাসুলুল্লাহ (সাঃ)এর প্রতি মিথ্যারোপ করার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترغيب في سماع الحديث وتبليغه ونسخه والترهيب من الكذب على رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

(حسن صحيح) عنْ ابنِ مَسْعُوْد رَضِيَ اللَّهُ عَنْهُ قال سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ نَضَّرَ اللَّهُ امْرَأً سَمِعَ مِنَّا شَيْئًا فَبَلَّغَهُ كَمَا سَمِعَ فَرُبَّ مُبَلِّغٍ أَوْعَى مِنْ سَامِعٍ. رواه أبو داود والترمذي وابن حبان

বাংলা

৮৯. (হাসান সহীহ্) ইবনু মাসঊদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে একথা বলতে শুনেছিঃ

''আল্লাহ তা'আলা মুখমণ্ডল উজ্জল করুন সেই ব্যাক্তির, যে আমাদের থেকে কিছু শুনবে, অতঃপর যেভাবে শুনেছে সেভাবেই অপরের কাছে পোঁছে দিবে। কেননা যার কাছে পোঁছান হয় সে অনেক সময় শ্রোতার চেয়ে অধিক সংরক্ষণকারী হয়।''

(আবু দাউদ ৩৬৬০, তিরমিয়ী ২৬৫৮ ও ইবনু হিব্বান হাদীছটি বর্ণনা করেছেন)[1] তবে ইবনু হিব্বানের বর্ণনায় বলা হয়ঃ আল্লাহ রহম করুন সেই ব্যাক্তির উপর.....। (তিরমিয়ী বলেন, হাদীছটি হাসান সহীহ্)

ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেন, এ হাদীছটি আবু দাউদ বর্ণনা করেছেন একথা ভুল। কেননা তিনি ইবনে মাসউদ থেকে এ হাদীছ বর্ণনা করেননি। তিনি যায়েদ বিন ছাবেত বর্ণিত পরের হাদীছটি বর্ণনা করেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন